

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬৬৪

পর্ব-২৮: سُّتْرِ السُّبْحَانِ وَكِبْرَىٰ الْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِينَ

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - আল্লাহ তাআলার দর্শনলাভ

الفصل الثالث (باب رؤية الله تعالى)

আরবী

وَعَنْ جَابِرٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: بَيْنَا أَهْلُ الْجَنَّةِ فِي نَعِيمِهِمْ إِذْ سَطَعَ نُورٌ  
فَرَفَعُوا رُؤوسَهُمْ فَإِذَا الرَّبُّ قَدْ أَشْرَفَ عَلَيْهِمْ مِنْ فَوْقِهِمْ فَقَالَ: السَّلَامُ عَلَيْكُمْ يَا أَهْلَ  
الْجَنَّةِ قَالَ: وَذَلِكَ قَوْلُهُ تَعَالَى (سَلَامٌ قَوْلًا مِنْ رَبِّ رَحِيمٍ) قَالَ: فَيَنْظُرُ إِلَيْهِمْ وَيَنْظُرُونَ إِلَيْهِ  
فَلَا يَلْتَفِتُونَ إِلَى شَيْءٍ مِنَ النَّعِيمِ مَا دَامُوا يَنْظُرُونَ إِلَيْهِ حَتَّىٰ يَحْتَجِبَ عَنْهُمْ وَيَبْقَى نُورُهُ  
وَيَرَكِّثُهُ عَلَيْهِمْ فِي دِيَارِهِمْ . رَوَاهُ ابْنُ مَاجَهَ

اسناده ضعيف ، روأه ابن ماجه (184) \* الفضل الرقاشى : منكر الحديث و رمى  
بالقدر -  
(ضعف)

বাংলা

৫৬৬৪-[১০] জাবির (রাঃ) নবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: জান্নাতবাসীগণ যখন তাদের  
আনন্দ উপভোগে লিঙ্গ থাকবে, এমন সময় হঠাত তাদের ওপর একটি আলো চমকিত হবে, তখন তারা মাথা তুলে  
সেদিকে তাকিয়ে দেখবে, আল্লাহ রাবুল আলামীন উপর থেকে তাদের দিকে লক্ষ্য করে আছেন। সে সময় আল্লাহর  
তা'আলা বলবেন, হে জান্নাতবাসীগণ! আসসালা-মু আলায়কুম (তোমরা আরামে ও নিরাপদে থাক) আল্লাহর  
কালামে (سَلَامٌ قَوْلًا مِنْ رَبِّ رَحِيمٍ) “দয়াময় প্রতিপালকের পক্ষ থেকে তাদেরকে সালাম” বলে সন্তানণ  
করা হবে”- (সূরাহ ইয়াসীন ৩৬ : ৫৮); দ্বারা এ সময়ের অবস্থার দিকে ইঙ্গিত করা হয়েছে। রাসূলুল্লাহ (সা.)  
বলেন, আল্লাহ তা'আলা জান্নাতীদের দিকে এবং জান্নাতীগণ আল্লাহর দিকে দৃষ্টি দিবে, ফলে তারা আল্লাহর দর্শন  
থেকে চক্ষু ফিরিয়ে অন্য কোন নি'আমাতের দিকে দৃষ্টি নিষ্কেপ করবে না এবং আল্লাহ তা'আলা আড়াল হয়ে  
যাওয়া পর্যন্ত এক দৃষ্টিতে শুধু সেদিকে চেয়ে থাকবে, সবশেষে কেবলমাত্র তাঁর নূর এবং বারাকাত অবশিষ্ট  
থাকবে। (ইবনু মাজাহ)।

## ফুটনেট

যঙ্গফ: ইবনু মাজাহ ১৮৪, সহীল জামি ২৩৬৩, ফাযল আর রংকাশী মুনকারঞ্জ হাদীস, আর তার থেকে আবু  
আসিম হলো হাদীস বর্ণনায় দুর্বল; হিদায়াতুর রংওয়াত ৫/২২২।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসটিও জানাতে আল্লাহর দর্শনকে প্রমাণ করে, কুরআনের এক আয়াতে এদিকেই ইশারা দেয়া  
হয়েছে,

(إِنَّ أَصْحَابَ الْجَنَّةِ الَّذِيْوَمَ فِي شُغْلٍ فَكَهُوْنَ ﴿٥٥﴾ هُمْ وَأَزْوَاجُهُمْ فِي ظِلِّ عَلَى الْأَرَائِكِ  
مُنْكِرُوْنَ ﴿٥٦﴾ لَهُمْ فِيهَا فَاكِهَةٌ وَلَهُمْ مَا يَدْعُونَ قَوْلًا مِّنْ رَبِّ رَحِيمٍ  
(٥٧) سَلْمٌ ﴿٥٨﴾ أَرْثَارٍ ‘নিচয় জানাতীরা সেদিন আনন্দ করবে তারা এবং তাদের স্ত্রীরা সকলে মিলে ছায়ার নিচে গদির  
উপর টেক লাগিয়ে। আর তাদের জন্য থাকবে বিভিন্ন রকমের ফল এবং তারা যা চাইবে তাই পাবে আর তাদের  
দয়াময় রবের পক্ষ থেকে সালাম পাবে"- (সূরা ইয়াসীন ৩৬: ৫৫-৫৮)। (মিকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85640>

ৱ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন